


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।

তারিখ : ০১/১২/২০২৪ খ্রি.

### বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর সরকারি কলেজের সম্মানিত বিভাগীয় প্রধানগণকে জানানো যাচ্ছে যে, (১) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী (২) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক একককালীন শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। সেইলক্ষ্যে আপনার বিভাগের উল্লেখিত ক্যাটাগরীর শিক্ষার্থী নির্বাচন করে তাদের তালিকা আগামী ১২/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর নিকট জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
১২/১২/২৪  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
শেরপুর সরকারি কলেজ  
শেরপুর  
ফোন- ০২৯৯৭৭৮১৪৬২



কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়  
বাংলাদেশ

স্মারক নং- ৪৮(০০৭)জাতীয়বিঃ/ক:ম:ই:/শি:বৃ:/২০২৩/১/ ৭৮

তারিখ: ১৩ অক্টোবর ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অধ্যক্ষ**

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল কলেজ।

বিষয়: শিক্ষাবৃত্তির জন্য শিক্ষার্থীদের তালিকা প্রেরণ।

**মহোদয়**

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল কলেজসমূহের স্নাতক (পাস), স্নাতক (সম্মান), স্নাতক সম্মান (প্রফেশনাল) ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের নিমিত্তে (ক) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী (খ) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের তালিকা নীতিমালা অনুযায়ী আগামী ১৯-১২-২০২৪ তারিখের মধ্যে বর্ণিত লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোডপূর্বক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী কোটায় শিক্ষাবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে, পূর্ববর্তী বর্ষের ফলাফলের ভিত্তিতে স্নাতক (পাস) ২য় বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ; স্নাতক (পাস) ৩য় বর্ষ ২০১৯-২০ শিক্ষাবর্ষ; মাস্টার্স স্নাতক (সম্মান) ২য় বর্ষ ২০২১-২২ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৩য় বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ ২০১৯-২০ শিক্ষাবর্ষ এবং মাস্টার্স প্রিলি ও অনার্সের ফলাফলের ভিত্তিতে স্নাতকোত্তর ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী আবেদন করতে পারবে।

**Web Link:** College Portal (<http://collegeportal.nu.ac.bd/>) গিয়ে College Login করে "শিক্ষাবৃত্তি তথ্যছক" Link-এ ক্লিক করে তথ্য ছক পূরণ করতে হবে।

এ সংক্রান্ত নিয়মাবলী ও তালিকা প্রেরণের ছক এতদসঙ্গে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো।

বিঃদ্র: নিয়মাবলী ও শিক্ষাবৃত্তি তথ্য ছক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.nu.ac.bd](http://www.nu.ac.bd)) থেকে ডাউনলোড করা যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মোঃ সাহাব উদ্দিন আহাম্মদ)

পরিচালক (ভারপ্রাপ্ত)

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর

যোগাযোগ: ০১৭৭৭৭৮৯০৪৭

ই-মেইল: [collegemonitoring@nu.ac.bd](mailto:collegemonitoring@nu.ac.bd)

স্মারক নং- ৪৮(০০৭)জাতীয়বিঃ/ক:ম:ই:/শি:বৃ:/২০২৩/১/ ৭৮

তারিখ: ১৩ অক্টোবর ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [পত্রটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
৩. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৪. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৫. সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৬. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৮. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৯. সেকশন অফিসার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১০. অফিস কপি।

পরিচালক (ভারপ্রাপ্ত)

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর